



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়,
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
আইন বিভাগ

ফোন : ০২-২২৩৩৮৪৮৭, ০২-৪৭১১৫৩৪৪
email: dgmlaw@krishibank.org.bd

ডিএমডি (আইন) পরিপত্র নং-০২/২০২৪

তারিখঃ ২৯-০২-২০২৪

পরিপত্র

বিষয়ঃ বিভিন্ন আদালতে মামলা দায়ের ও পরিচালনা এবং আইনজীবীদের ফিস পুনঃনির্ধারণ সংক্রান্ত নীতিমালা-২০২৪।

অর্থক্ষণ আদালতসহ অন্যান্য আদালতে মামলা দায়ের এবং প্রতিদ্বন্দ্বিতা করার লক্ষ্যে আইনজীবী নিয়োগ ও ফিস সংক্রান্ত বিষয়ে ইতোপূর্বে জারীকৃত আইন পরিপত্র নং-০২/২০১৯, তারিখঃ ৩১-১২-২০১৯ বাতিল পূর্বক মাঠ পর্যায়ের মহাব্যবস্থাপক, মহাব্যবস্থাপক (স্থানীয় মুখ্য কার্যালয়), উপমহাব্যবস্থাপক (কর্পোরেট শাখাসমূহ), মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক এবং আঞ্চলিক ব্যবস্থাপকগণকে প্রদত্ত ক্ষমতা পুনঃনির্ধারণসহ আইনজীবীগণের ফিস সংক্রান্ত নিম্নরূপ নীতিমালা বিগত ১৫/০২/২০২৪ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ কৃষি ব্যাংক পরিচালনা পর্ষদের ৮৫১তম সভায় অনুমোদন প্রদান করা হয়েছে যা মাঠপর্যায়ে জারী করা হলো।

০১। নিম্ন আদালতে দায়েরযোগ্য সকল প্রকার দেওয়ানী ও ফৌজদারী মামলার ক্ষেত্রে মহাব্যবস্থাপক (স্থানীয় মুখ্য কার্যালয়), উপমহাব্যবস্থাপক (কর্পোরেট শাখা) কর্তৃক এবং মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক এর অনুমোদনক্রমে সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপকগণ কর্তৃক দায়ের/প্রতিদ্বন্দ্বিতা করতে হবে। এছাড়া সকল প্রকার সার্টিফিকেট মামলা দায়েরের ক্ষমতা সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপকের উপর ন্যস্ত থাকবে।

(ক) অর্থক্ষণসহ অন্যান্য আদালতে স্যুট ভ্যালু অনুযায়ী মামলা দায়ের/প্রতিদ্বন্দ্বিতার জন্য (অনুমোদনকারী) কর্তৃপক্ষের ক্ষমতা নিম্নরূপে নির্ধারণ করা হলো :-

অনুমোদনকারী কর্মকর্তা	স্যুট ভ্যালুর পরিমাণ
শাখা ব্যবস্থাপক	সার্টিফিকেট মামলা সমূহ।
উপমহাব্যবস্থাপক (কর্পোরেট শাখা) এবং মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক	১.০০ কোটি টাকা পর্যন্ত।
মহাব্যবস্থাপক (স্থানীয় মুখ্য কার্যালয়)	৩.০০ কোটি টাকা পর্যন্ত।
মহাব্যবস্থাপক (বিভাগীয় কার্যালয়)	১.০০ কোটি টাকার উর্ধ্বে ৩.০০ কোটি টাকা পর্যন্ত।
উপব্যবস্থাপনা পরিচালক	৩.০০ কোটি টাকার উর্ধ্বে ৫.০০ কোটি টাকা পর্যন্ত।
ব্যবস্থাপনা পরিচালক	৫.০০ কোটি টাকার উর্ধ্বে।

(খ) মাঠ পর্যায়ে মামলা দায়ের ও পরিচালনার ক্ষেত্রে আইনজীবী নিয়োগসহ ফিস ও অন্যান্য বিল অনুমোদন ও মঞ্জুরী প্রদানকারী কর্তৃপক্ষের ক্ষমতা ও ফিসের সীমা নিম্নরূপে নির্ধারণ করা হলো :-

আইনজীবী নিয়োগসহ ফিস ও অন্যান্য বিল অনুমোদনকারী কর্মকর্তা	আইনজীবীর ফিসের সীমা ও অন্যান্য বিল
শাখা ব্যবস্থাপক	-
উপমহাব্যবস্থাপক (কর্পোরেট শাখা) এবং মুখ্য আঞ্চলিক / আঞ্চলিক ব্যবস্থাপক	৪০,০০০/- টাকা পর্যন্ত।
মহাব্যবস্থাপক (স্থানীয় মুখ্য কার্যালয়)	৬০,০০০/- টাকা পর্যন্ত।
মহাব্যবস্থাপক (প্রধান কার্যালয়/ বিভাগীয় কার্যালয়)	৪০,০০০/- টাকার উর্ধ্বে ৬০,০০০/- টাকা পর্যন্ত।
উপব্যবস্থাপনা পরিচালক	৬০,০০০/- টাকার উর্ধ্বে ২,০০,০০০/- টাকা পর্যন্ত।
ব্যবস্থাপনা পরিচালক	২,০০,০০০/- টাকার উর্ধ্বে ৫,০০,০০০/- টাকা পর্যন্ত।

ক্রঃ নং	কোর্ট/ আদালত	মামলার প্রকৃতি	আইটেম/কাজের ধরন	আইনজীবীদের পুনঃনির্ধারিত ফিস ও প্রদান পদ্ধতি
১	২	৩	৪	৫
০১.	অর্থ ঋণ আদালত/ দেউলিয়া আদালত।	অর্থঋণ মামলা (Artho Rin/ Mortgage/ Bankruptcy Suit)।	যথাযথভাবে আরজি/ জবাব প্রস্তুত, মামলা দায়ের, প্রয়োজনীয় সকল অর্ন্তবর্তীকালীন পদক্ষেপ গ্রহনসহ মামলা চূড়ান্ত নিষ্পত্তি পর্যন্ত পরিচালনা।	(ক) সুট ভ্যালু ৫,০০,০০০/- পর্যন্ত ৩% হারে সর্বনিম্ন ১০,০০০/- টাকা, সর্বোচ্চ ১৫,০০০/-। (খ) ৫,০০,০০১/- টাকা হতে ২০,০০,০০০/- টাকা পর্যন্ত ১.৫০% হারে সর্বনিম্ন ১৫,০০০/- টাকা, সর্বোচ্চ ৩০,০০০/- টাকা। (গ) ২০,০০,০০১/- টাকা থেকে ১,০০,০০,০০০/- টাকা পর্যন্ত ০.৪% হারে সর্বনিম্ন ৩০,০০০/- টাকা, সর্বোচ্চ ৪০০০০/- টাকা। (ঘ) ১,০০,০০,০০০/- টাকার উর্দ্ধে ০.২% হারে সর্বনিম্ন ৪০,০০০/- টাকা, সর্বোচ্চ ৫০,০০০/- টাকা। * সকল ক্ষেত্রে কোর্ট ফি ও স্ট্যাম্প খরচ (প্রকৃত) আলাদা ভাবে চালান/যথাযথ রশিদের বিপরীতে প্রদেয় হবে।
০২.	অর্থঋণ/ দেওয়ানী/ দেউলিয়া আদালত।	আপিল/ রিভিশন/ রিভিউ/ মিস কেস / বিবিধ মামলা (অর্থঋণ আদালত আইন-২০০৩ এর ১৯(৪) ধারার মোকদ্দমা ব্যতীত)।	সকল প্রকার বিবিধ (মিস) মামলা শুরু থেকে নিষ্পত্তি পর্যন্ত পরিচালনা (সকল অর্ন্তবর্তীকালীন পদক্ষেপসহ)।	(ক) ব্যাংক কর্তৃক মামলা দায়ের করা হলে সর্বমোট ফিস ১৫,০০০/- টাকা। (খ) ব্যাংকের বিরুদ্ধে দায়েরকৃত মামলা পরিচালনার ক্ষেত্রে সর্বমোট ফিস ১২,০০০/- টাকা। * (মূল মামলা থেকে একাধিক মিস মামলা উৎপত্তি হলে প্রতিটি মামলার ক্ষেত্রে ক ও খ এ বর্ণিত হারে বিল প্রদেয় হারে)।
০৩.	অর্থঋণ/ দেওয়ানী আদালত।	জারী মামলা।	(ক) সকল প্রকার জারী মামলা দায়ের শুরু থেকে নিষ্পত্তি পর্যন্ত। (খ) ক্রোকি পরওয়ানা জারীর জন্য ঢুলি ও মাইকিং। (গ) অর্থ ঋণ আদালত আইন- ২০০৩ এর ৩৩(৫) ধারায় আদালত কর্তৃক ইস্যুকৃত সনদ উত্তোলন ও ব্যাংকে জমাদান।	মূল মামলায় নির্ধারিত ফিস এর ৫০%। তবে এক্ষেত্রে সর্বনিম্ন ১০,০০০/- এবং সর্বোচ্চ ২৫,০০০/- টাকা টাকা ফিস প্রদান করা যাবে। * প্রতিবার ঢুলি /মাইকিং খরচ ২,০০০/- টাকা। সর্বোচ্চ ২(দুই) বার ঢুলি ও মাইকিং খরচ প্রদেয়। মোট খরচ = ২,০০০/- টাকা।
			(ঘ) অর্থ ঋণ আদালত আইন- ২০০৩ এর ৩৩ (৭) ধারায় আদালত কর্তৃক ইস্যুকৃত সনদ উত্তোলন পূর্বক ব্যাংকে জমাদান ও আদালতের মাধ্যমে উহার কপি সংশ্লিষ্ট সাব রেজিস্ট্রার অফিসে পৌছানো নিশ্চিত করন।	মোট খরচ = ৩,০০০/- টাকা।
			(ঙ) অর্থ ঋণ আদালত আইন- ২০০৩ এর ৩৪ ধারায় আদালত কর্তৃক ইস্যুকৃত দেওয়ানী আটকাদেশের কপি উত্তোলন।	মোট খরচ = ২,০০০/- টাকা।
			(চ) আদালতের মাধ্যমে নিষ্পত্তিকৃত মামলায় ডিক্রীকৃত টাকার আংশিক বা সম্পূর্ণ অংশ বা জারী মামলায় বন্ধকী সম্পত্তি নিলামে বিক্রয়লব্ধ অর্থ আদালতের হিসাব হতে ব্যাংকের সংশ্লিষ্ট হিসাবে স্থানান্তর নিশ্চিত করন।	মোট খরচ = ৩০০০/- টাকা।
০৪.	জেলা জজ/ অতিরিক্ত জেলা জজ/ যুগ্ম জেলা জজ।	মূল মামলা (মানি /টাইটেল সুট/ ঘোষনামূলক মোকদ্দমা) ও মিস মামলা।	মামলা শুরু থেকে চূড়ান্ত নিষ্পত্তি পর্যন্ত (যাবতীয় পদক্ষেপসহ)।	সর্বমোট ফিস ১৫,০০০/- টাকা।

ক্রঃ নং	কোর্ট/ আদালত	মামলার প্রকৃতি	আইটেম/কাজের ধরন	আইনজীবীদের পুনর্নির্ধারিত ফিস ও প্রদান পদ্ধতি
১	২	৩	৪	৫
০৫.	জেলা জজ আদালত।	আপীল মামলা/ মিস আপীল/ রিভিশন (অর্থস্বর্ণ ও অন্যান্য)।	মামলা দায়ের ও পরিচালনা, আরজি/ জবাব প্রস্তুত, যাবতীয় পদক্ষেপ গ্রহনসহ চূড়ান্ত নিষ্পত্তি পর্যন্ত।	(ক) ব্যাংক কর্তৃক আপিল/মিস আপীল/ রিভিশন দায়ের করা হলে সর্বমোট ফিস ২০,০০০/- টাকা। (খ) ব্যাংকের বিপক্ষে দায়েরকৃত আপিল/মিস আপীল/রিভিশন পরিচালনার ক্ষেত্রে সর্বমোট ফিস ১৫,০০০/- টাকা।
০৬.	চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট/ চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট /জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট কোর্ট।	ফৌজদারী মামলা/ এন আই এ্যাক্ট এর ১৩৮ ধারার মামলাসহ অন্যান্য মামলা।	মামলা শুরু থেকে চূড়ান্ত নিষ্পত্তি পর্যন্ত অর্ন্তবর্তীকালীন পদক্ষেপ সহ পরিচালনা।	সর্বমোট ফিস ১৫,০০০/-টাকা।
০৭.	জেলা জজ ও অন্যান্য আদালত।	আদালত অবমাননা/ মানহানির মামলা।	ব্যাংক স্বার্থ সংশ্লিষ্ট মামলা শুরু থেকে চূড়ান্ত নিষ্পত্তি পর্যন্ত পরিচালনা।	সর্বমোট ফিস ১২,০০০/-টাকা।
০৮.	(ক) সহকারী জজ/ যুগ্ম জেলা জজ আদালত।	অন্য সকল প্রকার মামলা যেমন : সত্ত্ব নির্ধারণ, দখল উদ্ধার, চুক্তি প্রবল, নিষেধাজ্ঞা, ঘোষনামূলক ইত্যাদি (অর্থস্বর্ণ ব্যতীত)।	আরজি/জবাব প্রস্তুত, মামলার জবাব দাখিল শুনানী সহ প্রয়োজনীয় অর্ন্তবর্তীকালীন সকল পদক্ষেপ গ্রহন পূর্বক চূড়ান্ত নিষ্পত্তি পর্যন্ত।	সর্বমোট ফিস ১২,০০০/-টাকা।
	(খ) জেলা জজ আদালত।	সাকসেশন/ উইলের প্রবেট।	দরখাস্তসহ আপত্তি দাখিলের পর শুনানী সহ প্রয়োজনীয় অর্ন্তবর্তীকালীন সকল পদক্ষেপ গ্রহন পূর্বক চূড়ান্ত নিষ্পত্তি পর্যন্ত।	সর্বমোট ফিস ১২,০০০/-টাকা।
	(গ) সহকারী জজ/ যুগ্ম জেলা জজ আদালত।	বাড়ী ভাড়া সংক্রান্ত মামলা।	আরজি প্রস্তুত, মামলার জবাব দাখিল শুনানী সহ প্রয়োজনীয় অর্ন্তবর্তীকালীন সকল পদক্ষেপ গ্রহন পূর্বক চূড়ান্ত নিষ্পত্তি পর্যন্ত।	সর্বমোট ফিস ১০,০০০/- টাকা।
	(ঘ) সহকারী কমিশনার (ভূমি) অফিস।	জমা খারিজ মামলা।	ব্যাংকের আইনজীবী/ আউট সোর্সিং/ ৩য় কোন পক্ষের মাধ্যমে ব্যাংক কর্তৃক মালিকানা প্রাপ্ত সম্পত্তির মিউটেশন সম্পাদন।	মিউটেশন সম্পাদনের ক্ষেত্রে সরকারী বিধি মোতাবেক সরকারী ফিস এবং খাজনা ব্যতীত আইনজীবীর ফিস বাবদ ১০,০০০/- টাকা প্রদেয়।
	(ঙ) সেটেলমেন্ট অফিস (ভূমি)।	ভূমি সংক্রান্ত।	মালিকানার রেকর্ড সংশোধন/স্বত্ব নির্ধারণ।	সর্বমোট ফিস ১০,০০০/- টাকা।
	(চ) ভূমি অধিগ্রহণ কারী অফিসারের কার্যালয়।	ক্ষতিপূরণ আদায় সংক্রান্ত।	সংশ্লিষ্ট অফিস হতে ক্ষতিপূরণের অর্থ উত্তোলন।	সর্বমোট ফিস ৫,০০০/- টাকা।
০৯.	বিভাগীয় কমিশনার/ অর্পিত সম্পত্তি প্রত্যাবর্তন ট্রাইব্যুনাল/ ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল/ ভূমি আপীল বোর্ড।	ভূমি সংক্রান্ত (ব্যাংক স্বার্থ-সংশ্লিষ্ট/ সার্টিফিকেট মামলা হতে উদ্ধৃত)।	মামলার আরজি/ জবাব প্রস্তুত ও মামলা পরিচালনা (শুরু থেকে নিষ্পত্তি পর্যন্ত)।	সর্বমোট ফিস ২০,০০০/- টাকা।
১০.	শ্রম আদালত/ শ্রম আপিল আদালত এবং অন্যান্য আদালত।	শ্রম ও শিল্প আইন সংক্রান্ত মামলা।	মামলা দায়ের ও পরিচালনা (সকল অর্ন্তবর্তীকালীন পদক্ষেপসহ চূড়ান্ত নিষ্পত্তি পর্যন্ত)।	সর্বমোট ফিস ১৫,০০০/- টাকা।
১১.	মেরিন কোর্ট ও এ্যাডমিরালটি সুট।	নৌ-পরিবহন সংক্রান্ত।	আরজি/জবাব প্রস্তুত, মামলা দায়ের, পরিচালনা (শুরু থেকে নিষ্পত্তি পর্যন্ত)।	সর্বমোট ফিস ১৫,০০০/- টাকা।
১২.	হেড কোয়ার্টারের বাহিরে মামলা পরিচালনার ক্ষেত্রে।	ব্যাংক স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে ঢাকা থেকে অন্যান্য জেলা সমূহের আদালতে জটিল ও গুরুত্বপূর্ণ মামলা পরিচালনা।	আরজি/ জবাব প্রস্তুতে স্থানীয় আইনজীবীকে ঢাকা থেকে গিয়ে সহযোগিতা প্রদান, শুনানী পরিচালনা।	সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক/ কর্পোরেট শাখার সুপারিশের ভিত্তিতে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে আইনজীবী নিয়োগ ও ফিস নির্ধারণ করতে হবে।

ক্রঃ নং	কোর্ট/ আদালত	মামলার প্রকৃতি	আইটেম/কাজের ধরন	আইনজীবীদের পুনঃনির্ধারিত ফিস ও প্রদান পদ্ধতি
১	২	৩	৪	৫
১৩.	নিম্ন আদালত / সহকারী কমিশনার (ভূমি)/ সাব- রেজিস্ট্রার অফিস/ তহসিল অফিস/ রেকর্ড রুম।	-	(ক) যে কোন মামলার প্রয়োজনে কাগজপত্র উত্তোলন খরচ। (খ) যে কোন মামলার রায়-ডিক্রীর সার্টিফাইড কপি উত্তোলন ও ব্যাংকে সরবরাহ। (গ) করনিক ফিস (মামলা ব্যতিরেকে অন্য কোন ক্ষেত্রে উক্ত ফিস প্রযোজ্য হবে না)। (ঘ) ওকালতনামা দাখিল	(I) ১০ পাতা পর্যন্ত ১০০০/- টাকা। (II) পরবর্তী অতিরিক্ত প্রতি পাতার জন্য ২০/- টাকা আনুপাতিক হারে প্রদেয়। (I) যে কোন অন্তর্বর্তীকালীন আদেশের সার্টিফাইড কপি উত্তোলন খরচ ২,০০০/- টাকা। (II) চূড়ান্ত রায়- ডিক্রীর সার্টিফাইড কপি উত্তোলন খরচ ০৫(পাঁচ) পাতা পর্যন্ত = ২,৫০০/- টাকা, ০৫(পাঁচ) পাতার অধিক হলে অতিরিক্ত প্রতি পাতার জন্য ২৫০/- টাকা হারে সর্বোচ্চ ৫০০০/- টাকা পর্যন্ত প্রদেয়। আইনজীবীর পেশাগত মূল ফিস এর ১০% প্রাপ্য হবেন। ১০০০/- টাকা।
১৪.	মামলা বর্হিভূত বিবিধ কার্যক্রম।	-	(ক) মামলার পূর্বে ঋণের বিপরীতে ব্যাংকে দায়বদ্ধ সম্পত্তির হাদিস/অবস্থান চিহ্নিতকরণ, অবস্থান নকশা প্রস্তুত, সরবরাহকরণ, সম্পত্তির মালিকানা ও মূল্যমান সম্পর্কে প্রতিবেদন প্রদান ইত্যাদি। (খ) আইনগত বিজ্ঞপ্তির খসড়া/ লিগ্যাল নোটিশ প্রদান/চুক্তিনামার খসড়া প্রস্তুতকরণ/ এজাহারের খসড়া প্রণয়ন/ লিগ্যাল নোটিশের জবাব প্রদান ইত্যাদি (ঋণ পরিশোধের নোটিশ এই দফায় অন্তর্ভুক্ত নয়)। (গ) অর্থ ঋণ আদালতে মামলা দায়েরের পূর্বে ঋণ পরিশোধের জন্য উকিল নোটিশ প্রদান। (ঘ) যে কোন চুক্তিনামা, সোলেনামা ও অংগীকার- নামা প্রস্তুতকরণ। (ঙ) বন্ধকীতব্য সম্পত্তির মালিকানা স্বত্ব নির্ধারণসহ যে কোন বিষয়ে আইনগত মতামত। (চ) বন্ধকী দলিল এবং আম মোক্তারনামা দলিল/এমওইউ প্রস্তুত। (ছ) নোটারিয়াল সার্টিফিকেটসহ যে কোন প্রকারের নোটারাইজেশন। (জ) বিশেষ ক্ষেত্রে ল' ডিপার্টমেন্ট/চীফ ল' অফিসারের বাইরে প্যানেল বর্হিভূত অভিজ্ঞ আইনজীবীর নিকট হতে অতিরিক্ত মতামত গ্রহণের প্রয়োজন হলে।	সামগ্রিক কাজের জন্য অর্থাৎ ফরম, স্ট্যাম্প ও অন্যান্য ফিস সংক্রান্ত খরচ বাদে ৩০০০/- টাকা প্রাপ্য হবেন। সর্বমোট ২,০০০/- টাকা। ৩০০/- টাকা মাত্র। সর্বমোট ২,৫০০/-। বায়াদলিলের সংখ্যা ১০ টি পর্যন্ত ১৫০০/- টাকা এবং বায়াদলিলের সংখ্যা ১০ টির উর্ধ্বে হলে প্রতিটির জন্য ২০০/- টাকা হারে। তবে সর্বোচ্চ ৩০০০/- টাকার উর্ধ্বে নয়। সর্বমোট ৩০০০/- টাকা। সর্বমোট ১০০০/- টাকা। বিষয়টি ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে আইনজীবীর ফিস প্রদানের বিষয়টি নিষ্পত্তি হবে।



ক্রঃ নং	কোর্ট/ আদালত	মামলার প্রকৃতি	আইটেম/কাজের ধরন	আইনজীবীদের পুনর্নির্ধারিত ফিস ও প্রদান পদ্ধতি
১	২	৩	৪	৫
১৫.	সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ।	(ক) রীট /সিভিল ও ফৌজদারী রিভিশন / মিস আপীল কোম্পানী ম্যাটারসহ অন্যান্য মামলা। (খ) উচ্চ আদালত অবমাননার মামলা।	মামলা দায়ের, পরিচালনা ও শুরু থেকে নিষ্পত্তি পর্যন্ত (সকল অন্তর্বর্তীকালীন পদক্ষেপসহ)। মামলার আরজি/ জবাব প্রস্তুতসহ দায়ের ও পরিচালনা (শুরু থেকে নিষ্পত্তি পর্যন্ত)।	(I) ব্যাংক কর্তৃক মামলা দায়েরসহ পরিচালনার ক্ষেত্রে ৩৫,০০০/- টাকা। (II) ব্যাংকের বিপক্ষে দায়েরকৃত মামলা পরিচালনার ক্ষেত্রে ৩০,০০০/- টাকা। ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কেইস-টু-কেইস ভিত্তিতে ফিস নির্ধারণ করবেন। এক্ষেত্রে আরজি/লিখিত জবাব দাখিল, গ্রেফতারী পরোয়ানা জারী/ গ্রেফতারী পরোয়ানা অবমুক্ত (ভ্যাকেট) করার পর ৫০% ফিস ও মামলার চূড়ান্ত নিষ্পত্তির পর নিষ্পত্তি আদেশের সার্টিফাইড কপি দাখিল সাপেক্ষে অবশিষ্ট ৫০% ফিস প্রদেয়।
১৬.	সুপ্রীম কোর্টের আপীল বিভাগ।	সুপ্রীম কোর্টের আপীল বিভাগে সিএমপিএলএ/ সিভিল পিটিশন ফর লীভ-টু-আপীল (সিপিএলএ) / ফৌজদারী লীভ-টু- আপীল/ সিভিল আপীল/ ফৌজদারী আপীল / রিভিউ দায়ের ও পরিচালনা।	মামলা দায়ের ও পরিচালনা (শুরু থেকে নিষ্পত্তি পর্যন্ত)।	(I) ব্যাংক কর্তৃক আপিল দায়েরসহ পরিচালনার ক্ষেত্রে ৫০,০০০/- টাকা। প্রযোজ্য ক্ষেত্রে সিএমপি দায়ের করা হলে অতিরিক্ত ১০,০০০/- প্রাপ্য হবেন। (II) ব্যাংকের বিপক্ষে দায়েরকৃত আপিল পরিচালনার ক্ষেত্রে ৪০,০০০/- টাকা। * ক্যাভিয়েট (CAVEAT) দাখিল বাবদ মোট ৫০০০/- টাকা। * এডভোকেট অন রেকর্ড (AOR) বাবদ মোট ১০০০০/-টাকা এবং পেপার বুক প্রস্তুত বাবদ প্রকৃত খরচ আলাদাভাবে প্রাপ্য হবেন।
১৭.	সুপ্রীম কোর্টের আপীল ও হাইকোর্ট বিভাগ।	-----	(ক) যে কোন মামলা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্রাদি আদালত হতে সংগ্রহ/ উত্তোলন (প্রযোজ্য ক্ষেত্রে)। (খ) যে কোন মামলার রায়- ডিক্রীর সার্টিফাইড কপি উত্তোলন ও ব্যাংকে সরবরাহ। (গ) পেপার বুক প্রস্তুত ও তৈরী খরচ। (ঘ) ওকালতনামা দাখিল।	আদালত হতে সংগৃহীত ১০০ পাতা পর্যন্ত কাগজপত্রের জন্য ২,০০০/- টাকা। পরবর্তী অতিরিক্ত প্রতি পাতার জন্য আনুপাতিক হারে প্রদেয়। সর্বোচ্চ ৪,০০০/- টাকা। (I) যে কোন অন্তর্বর্তীকালীন আদেশের সার্টিফাইড কপি উত্তোলন খরচ ২,০০০/- টাকা। (II) চূড়ান্ত রায়- ডিক্রীর সার্টিফাইড কপি উত্তোলন খরচ ৫ (পাঁচ) পাতা পর্যন্ত ২,৫০০/- টাকা, ৫ (পাঁচ) পাতার অধিক হলে, অতিরিক্ত প্রতি পাতার জন্য ৩০০/- টাকা হারে সর্বোচ্চ ৬,০০০/- টাকা পর্যন্ত প্রদেয়। প্রতিটি মামলায়:- (I) প্রতি পৃষ্ঠা ১০/- টাকা হারে সর্বোচ্চ ১৪ সেটের জন্য পৃষ্ঠা প্রতি ১৪ x ১০ = ১৪০/- টাকা হারে। (II) বাইন্ডিং বই প্রতি ৮০/- টাকা হারে সর্বোচ্চ ১৪ সেটের জন্য মোট ৮০ x ১৪ = ১১২০/- টাকা। (সহকারী আইন উপদেষ্টার প্রত্যয়নের ভিত্তিতে)। ১৫০০/- টাকা।
১৮.	(ক) প্রশাসনিক ট্রাইব্যুনাল। (খ) প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল।	চাকুরী সংক্রান্ত। চাকুরী সংক্রান্ত আপীল মামলা।	মামলার আরজি/ জবাব প্রস্তুতসহ দায়ের ও পরিচালনা (শুরু থেকে নিষ্পত্তি পর্যন্ত)। মামলার মেমো অফ আপিল/ জবাব প্রস্তুতসহ দায়ের ও পরিচালনা (শুরু থেকে নিষ্পত্তি পর্যন্ত)।	সর্বমোট ফি - ২৫,০০০/- টাকা। (I) ব্যাংক পক্ষে আপিল দায়েরসহ পরিচালনার ক্ষেত্রে ৩০,০০০/-। (II) ব্যাংকের বিপক্ষে দায়েরকৃত আপীল পরিচালনার ক্ষেত্রে ২৫,০০০/-। * প্রযোজ্য ক্ষেত্রে পেপার বুক প্রস্তুতের প্রকৃত খরচ প্রদেয় হবে।

ক্রঃ নং	কোর্ট/ আদালত	মামলার প্রকৃতি	আইটেম/কাজের ধরন	আইনজীবীদের পুনর্নির্ধারিত ফিস ও প্রদান পদ্ধতি
১	২	৩	৪	৫
১৯.	যে কোন আদালত।	রিটোরেশন মামলা।	আবেদন/ জবাব প্রস্তুত ও আদালতে দাখিলসহ মামলা পরিচালনা (চূড়ান্ত নিষ্পত্তি পর্যন্ত)।	(I) নিম্ন আদালতের মামলায় সর্বমোট ফিস - ১০,০০০/- টাকা এবং (II) উচ্চ আদালতের মামলায় সর্বমোট ফিস - ১৫,০০০/- টাকা। * আইনজীবীর অবহেলায় মামলা খারিজ হলে মামলা পুনরুজ্জীবিত করার দায় দায়িত্ব তাঁর। সে ক্ষেত্রে ফি প্রযোজ্য নয়। আইনজীবী ভিন্ন হলে ফি প্রদেয়।
২০.	আপিল বিভাগ/ হাইকোর্ট বিভাগ/ অর্থস্বর্ণ আদালত ও অন্যান্য আদালত।	ব্যাংক স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে জটিল, গুরুত্বপূর্ণ ও বড় অংকের মামলা (পক্ষে- বিপক্ষে)।	আরজি/ জবাব প্রস্তুতসহ মামলা দায়ের/ পরিচালনা (শুরু থেকে নিষ্পত্তি পর্যন্ত)।	* বড় অংকের অর্থস্বর্ণ মামলা, অর্থস্বর্ণ বা ব্যাংক স্বার্থ সংশ্লিষ্ট অন্য কোন বিষয় হতে উদ্ভূত উচ্চ আদালতে রীট, রিভিশন, আপীলসহ যে কোন জটিল মামলা কেস টু কেস পর্যালোচনা করে নিযুক্ত আইনজীবীর সাথে এক বা একাধিক অভিজ্ঞ/সিনিয়র আইনজীবী নিয়োগ করা যাবে। মামলার প্রয়োজনে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কেস টু কেস ভিত্তিক এরূপ অভিজ্ঞ সিনিয়র আইনজীবী নিয়োগ তাদের ফি নির্ধারণ ও অনুমোদন করবেন। ৫.০০ লক্ষ টাকা অধিক ফিস এর ক্ষেত্রে পরিচালনা পর্যদের অনুমোদন গ্রহণ করতে হবে।
২১.	বিবিধ	-	বিশেষ পরিস্থিতিতে আইনজীবী নিয়োগের প্রয়োজন হলে এবং মামলা পরিচালনার ক্ষেত্রে কোন যৌক্তিক খরচ কিংবা ফিসের বিষয়বস্তু ক্রমিক নং ০১ হতে ২০ এর আওতা বহির্ভূত হলে।	সংশ্লিষ্ট বিভাগীয় / কার্যালয়ের সুপারিশ ও প্রস্তাবের প্রেক্ষিতে আইন বিভাগ সংশ্লিষ্ট মহাব্যবস্থাপক/ ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে ব্যবস্থা গ্রহণ।

সাধারণ শর্তাবলী :

ক)	যে কোন আদালতে ব্যাংকের বিপক্ষে কোন মামলায় আইনজীবী হিসেবে তিনি অংশগ্রহণ করতে অথবা পরোক্ষ সহযোগিতা/পরামর্শ প্রদান করতে পারবে না। তাছাড়া ব্যাংকের কোন গোপনীয় বিষয় বা ব্যাংকের স্বার্থ সংশ্লিষ্টতা উপযুক্ত আদালত ব্যতীত অন্য কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের কাছে প্রকাশ করতে পারবে না।
খ)	প্যানেলভুক্ত আইনজীবীগণকে বিভিন্ন আদালতে ব্যাংকের মামলা পরিচালনা ছাড়াও সময়ে সময়ে নথিতে আইনগত মতামত প্রদানসহ ব্যাংকের যে কোন ব্যাপারে অভিমত /সহযোগিতা প্রদান করতে হবে।
গ)	নিয়োগপ্রাপ্ত সকল মামলায় ব্যাংক পক্ষে বা বিপক্ষে আরজি/পিটিশন/ মেমো অফ আপিল/জবাব/এফিডেভিট ইন অপোজিশন ইত্যাদি প্রমানক হিসাবে দাখিলের পর মোট ফিসের ৫০% এবং মামলা চূড়ান্ত নিষ্পত্তির পর বাকী ৫০% ফিস প্রাপ্য হবেন। তবে জারী মামলা দায়েরের পর প্রমানক দাখিল সাপেক্ষে জারী মামলায় নিয়োগকৃত ফিস এর ২৫%, সমনজারী পূর্বক ১ম নিলাম অনুষ্ঠিত হওয়ার পর ২৫% এবং জারী মামলা নিষ্পত্তি হওয়ার পর অবশিষ্ট ৫০% টাকা প্রাপ্য হবেন। উল্লেখ্য, চূড়ান্ত বিলের সাথে মামলার রায়ে সার্টিফাইড কপি অবশ্যই জমা দিতে হবে।
ঘ)	সকল প্রকার মামলা নিষ্পত্তি অস্ত্রে রায়ে কপি প্রাপ্তির পর ০৩ (তিন) মাসের মধ্যে ব্যাংকে অবশ্যই দাখিল করতে হবে।
ঙ)	ব্যাংকের বিপক্ষে নিয়োজিত আইনজীবী অনুপস্থিত থাকার কারণে কোন মামলা Dismissed for Default / খারিজ হলে এবং মামলাটি যদি পরবর্তীতে Restore হয়, সেক্ষেত্রে ব্যাংক পক্ষের আইনজীবী হিসেবে বর্ণিত ফিসেই করে দিতে হবে, এর জন্য আলাদাভাবে কোন ফি দেয়া হবে না।
চ)	সকল পেশাগত বিল হতে প্রযোজ্য হারে সরকারী ভ্যাট/উৎসে কর কর্তনযোগ্য হবে। এক্ষেত্রে বিজ্ঞ আইনজীবীগণ উৎসে কর প্রদান করবেন এবং ব্যাংক সরকারী ভ্যাট প্রদান করবে।
ছ)	নিম্ন আদালতের মামলা ০৬(ছয়) মাসের মধ্যে নিষ্পত্তি করতে পারলে সংশ্লিষ্ট আইনজীবী প্রনোদনা হিসেবে চুক্তি ভিত্তিক ফিসের অতিরিক্ত ১০% ফিস প্রাপ্য হবেন। তবে সুদ মওকুফের মাধ্যমে এবং আপোষ/ সোলোনার মাধ্যমে নিষ্পত্তিকৃত মামলার ক্ষেত্রে এ প্রনোদনা প্রযোজ্য হবে না।
জ)	মামলা দায়েরের ক্ষেত্রে কোর্ট ফি/স্ট্যাম্প বাবদ প্রকৃত খরচ (রশিদ দাখিল সাপেক্ষে) ব্যাংক বহন করবে।
ঝ)	ঋণ আদায় সংক্রান্ত মামলার বিপরীতে আইনজীবীকে পরিশোধকৃত/পরিশোধিতব্য পেশাগত ফি ও অন্যান্য সকল আইন খরচ গ্রাহক/ঋণগ্রহীতাদের নিকট হতে সম্পূর্ণরূপে ১০০% আদায়যোগ্য।
ঞ)	আইনজীবী কর্তৃক দাখিলকৃত বিল সংক্রান্ত মামলায় গৃহীত পদক্ষেপের বিষয়ে সংশ্লিষ্ট শাখা প্রধানকে সুনির্দিষ্ট অংকের বিল অনুমোদনের জন্য সুপারিশ করতে হবে। বিল অনুমোদনের ক্ষমতা যে স্তরের কর্মকর্তার উপর ন্যস্ত থাকুক না কেন প্রতিটি বিলে পূর্ববর্তী স্তরের কর্মকর্তার সুনির্দিষ্ট সুপারিশ থাকতে হবে এবং প্রয়োজনীয় প্রমাণক সংযুক্ত করতে হবে।

সাধারণ শর্তাবলী :

ট)	কোন মামলায় বা আনুষঙ্গিক বিষয়ে আইনজীবীর নিয়োগ/ ফিস নির্ধারণের ক্ষেত্রে অসঙ্গতি, ভিন্নতর পরিস্থিতি দেখা দিলে বা বর্ণিত নীতিমালায় কিছু উল্লেখ না থাকলে সে ক্ষেত্রে আইন বিভাগের পরামর্শ গ্রহণপূর্বক ব্যবস্থা গ্রহণ করতে হবে।
ঠ)	আইনজীবীদের ফিস পুনঃনির্ধারণ সংক্রান্ত নীতিমালার আওতাভুক্ত নয় বা তালিকায় অন্তর্ভুক্ত হয়নি এমন কোন আইনগত বিল/ফিস অনুমোদনের জন্য সংশ্লিষ্ট মহাব্যবস্থাপকের সুপারিশক্রমে আইন বিভাগে প্রেরণ করতে হবে।
ড)	অত্র ব্যাংকের কোন অবসরপ্রাপ্ত কর্মকর্তা ব্যাংকের কোন মামলায় সাক্ষী মনোনীত হয়ে থাকলে আদালতের নির্দেশে মামলার প্রয়োজনে সাক্ষ্য প্রদানের জন্য আদালতে যাতায়াত করলে তিনি যে পদমর্যাদার কর্মকর্তা হিসেবে অবসর গ্রহণ করেছেন, সে পদমর্যাদা অনুযায়ী দৈনিকভাতা ও যাতায়াত ভাতা প্রাপ্য হবেন। এরূপ ভাতা/বিল সংশ্লিষ্ট শাখা/ বিভাগ কর্তৃক অনুমোদিত হবে।
ঢ)	বিভাগীয় শৃংখলাজনিত মামলায় প্রদত্ত রায়ে বিরুদ্ধে দায়েরকৃত প্রশাসনিক ট্রাইব্যুনাল বা প্রশাসনিক আপিল ট্রাইব্যুনালের মামলার রায়ে ব্যাংকের বিপক্ষে গেলে উক্ত রায়ে বিরুদ্ধে উচ্চ আদালতে আপিল দায়ের করা হবে কিনা সেবিষয়ে শৃংখলা ও আপিল বিভাগ এবং প্রযোজ্য ক্ষেত্রে হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট প্রশাসনিক সিদ্ধান্ত গ্রহণ পূর্বক আইন বিভাগকে অবহিত করবে। সে মোতাবেক আইন বিভাগ আপিল দায়েরের পদক্ষেপ গ্রহণ করবে।
ণ)	কোন মামলায় নিযুক্তীয় আইনজীবীর মৃত্যুজনিত কারনে/ নতুন আইনজীবী নিয়োগ করার ক্ষেত্রে মামলার পর্যায় বিবেচনা করে নিয়োগ পত্র জারীর সময়কালের নীতিমালা অনুযায়ী ফিস প্রযোজ্য হবে।
ত)	উচ্চ আদালত (সুপ্রীম কোর্টের হাইকোর্ট/আপীল বিভাগ) এবং প্রশাসনিক ট্রাইব্যুনাল/প্রশাসনিক আপিল ট্রাইব্যুনালে মামলা দায়ের/প্রতিদ্বন্দ্বিতাসহ পরিচালনার ক্ষেত্রে আইনজীবী নিয়োগের ক্ষমতা ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের এখতিয়ারাধীন থাকবে।
থ)	নিযুক্তীয় আইনজীবীকে কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত যে কোন আইনগত দায়িত্ব পালন করতে হবে এবং কর্তৃপক্ষ যে কোন সময় কারণ দর্শানো ব্যতিরেকেই নিয়োগ বাতিল/ নতুন আইনজীবী নিয়োগ করতে পারবেন।

০৩। এতদব্যতীত অন্যান্য ক্ষেত্রে পর্যদ সচিবালয় বিভাগ কর্তৃক জারীকৃত আর্থিক ও প্রশাসনিক ক্ষমতা অর্পণ সংক্রান্ত পরিপত্র নং-০১/২০১৩ তারিখ ০৫-০৮-২০১৩ অনুসরণ করতে হবে। অত্র পরিপত্র জারীর তারিখ হতে নীতিমালাটি কার্যকর হবে।

০৪। এমতবস্থায়, ব্যাংকের প্রধান কার্যালয়সহ মাঠ পর্যায়ের বিভিন্ন কার্যালয় ও শাখাসমূহকে প্রকাশিত নীতিমালাটি যথাযথ পরিপালন ও অনুসরণের জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,


22/02/28

(খান ইকবাল হোসেন)


উপব্যবস্থাপনা পরিচালক

নং-প্রকা/আইন-২২৭৬/২০২৩-২০২৪/ ৮৭৫

তারিখ : ২৯-০২-২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :-

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। মহাব্যবস্থাপক, বিকেবি, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়।
- ০৪। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। আইসিটি অপারেশন বিভাগ-কে সকল সংযুক্তিসহ মূল পত্রটি বাংলাদেশ কৃষি ব্যাংকের ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৬। উপমহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, সকল কর্পোরেট শাখা।
- ০৭। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহ।
- ০৮। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৯। ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, সকল শাখা (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)।
- ১০। নথি/ মহানথি।


(মোহাম্মদ আহাদ খান)

উপমহাব্যবস্থাপক